



## সাহিত্যে নোবেল পেলেন অ্যালেক্সিয়েভিচ

সংবাদ ডেস্ক

চতুর্দশ নারী হিসেবে সাহিত্যে নোবেল পুরস্কার পেলেন বেলারুশের কথাসাহিত্যিক ও সাংবাদিক সোয়েতলানা অ্যালেক্সিয়েভিচ। চলতি বছর সাহিত্যে নোবেল পেলেন তিনি। ৬৬ বছর বয়সী সোয়েতলানার লেখাকে এই সময়ের মানবজীবনের 'ক্রেশ আর সাহসিকতার যুগলবন্দী' অভিহিত করেছে সুইডিশ একাডেমি। 'এ মনুশেফট টু সাফারিং অ্যান্ড করেজ ইন আওয়ার টাইম' বইয়ের জন্য এ পুরস্কার পেলেন তিনি। গতকাল তার নাম ঘোষণা করে নোবেলের জুরি কমিটি।

রয়্যাল সুইডিশ একাডেমি সাহিত্যে নোবেল বিজয়ী ১১২তম লেখক হিসেবে গতকাল তার নাম ঘোষণা করে। সর্বশেষ ২০১৩ সালে কানাডার সাহিত্যিক অ্যালিস মুনরো

সাহিত্যে : পৃষ্ঠা : ১৫ ক : ৩

## সাহিত্যে : নোবেল (১ম পৃষ্ঠার পর)

পেয়েছিলেন এই নোবেল। দুই বছর পর আবারও নোবেল পেলেন আরেক নারী সাহিত্যিক। আগামী ১০ ডিসেম্বর স্টকহোমে আনুষ্ঠানিকভাবে তার হাতে পুরস্কার বাবদ ৮০ লাখ ক্রোনার তুলে দেয়া হবে।

সোয়েতলানার জন্ম ইউক্রেনে হলেও বেড়ে ওঠা বেলারুশে। বাবা প্রথমে সেনাবাহিনীতে কাজ করতেন। অবসর নিয়ে মেয়ে ও স্ত্রীকে নিয়ে বেলারুশে চলে আসেন। বাবা-মা দু'জনেই শিক্ষকতা শুরু করেন। মিনস্ক বিশ্ববিদ্যালয়ে সাংবাদিকতা নিয়ে পড়াশোনা করেন সোয়েতলানা। প্রথমে পোল্যান্ডের সীমান্তে একটি সংবাদপত্রে চাকরি নিলেও পরে মিনস্কে ফিরে এসে সাংবাদিকতা শুরু করেন

সোয়েতলানা। কাজ করতে করতে দ্বিতীয় বিশ্বযুদ্ধে অংশ নেয়া মহিলাদের সাক্ষাৎকার নিতে শুরু করেন। এই সাক্ষাৎকারের ভিত্তিতে তার বই 'ভয়েসেস অফ ইউটোপিয়া'।

একইভাবে ইউক্রেনের, চেরনোবিলে পারমাণবিক দুর্ঘটনার পরে লেখেন 'ভয়েসেস অফ চেরনোবিল : ক্রনিকাল অফ দি ফিউচার'। সাবেক সোভিয়েত ইউনিয়নের আফগানিস্তান অভিযান নিয়েও লিখেছেন। তার মতামত

অনেক সময়েই রাজনৈতিক কর্তৃপক্ষের রোষাগলে পড়েছে। ফলে মাঝে-মাঝেই দেশ ছেড়ে ইউজি, ফ্রান্স, জার্মানি, সুইডেনে বাস করতে হয়েছে তাকে।

গত বছর সাহিত্যে নোবেল পান ফরাসি ঔপন্যাসিক প্যাট্রিক মোদিয়ানো, যার গল্পের ভূবন গড়ে উঠেছে মানব-মনের স্মৃতি-বিস্মৃতির খেলা, আত্মপরিচয়ের সংকট আর প্যারিসে নাথসি

দখলদারিত্বের ইতিহাসকে কেন্দ্র করে। সুইডিশ বিজ্ঞানী আলফ্রেড নোবেলের শেষ ইচ্ছা অনুসারে গবেষণা, উদ্ভাবন ও মানবতার কল্যাণে অবদানের জন্য প্রতি বছর চিকিৎসা, পদার্থবিজ্ঞান, রসায়ন, সাহিত্য, শান্তিতে নোবেল পুরস্কার দেয়া হয়। সুইডেনের কেন্দ্রীয়

ব্যংকের অনুদানের অর্থে ১৯৬৮ সালে অর্থনীতিতে নোবেল পুরস্কার চালু হয়। আজ শান্তি এবং ১২ অক্টোবর সোমবার অর্থনীতিতে এবারের নোবেল বিজয়ীদের নাম ঘোষণা করা হবে।